

এ বছর অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষা নেওয়া হবে না। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার বলেছেন, অষ্টম শ্রেণিতে বৃত্তি পরীক্ষা নেওয়ার কোনো পরিকল্পনা নেই। এ বছর অষ্টম শ্রেণির বৃত্তি পরীক্ষা নেওয়া হবে না। গতকাল বুধবার রাতে অধ্যাপক তপন কুমার আমাদের সময়কে এ তথ্য জানান।

অষ্টম শ্রেণির বৃত্তি পরীক্ষার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্তের কথা জানা গেলেও মাদ্রাসার এবতেদায়ি শ্রেণির শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষা নিয়ে এখনো কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি। এ বিষয়ে মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক কায়সার আহমেদ বলেন, ‘এবতেদায়ির সমাপনী পরীক্ষা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে নেওয়া হতো। এবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সমাপনী পরীক্ষা না নিয়ে বৃত্তি পরীক্ষা নিচ্ছে। নিয়মানুযায়ী, আমাদের বৃত্তি পরীক্ষাও তাদের নেওয়ার কথা।’ বিস্তারিত জানতে অধিদপ্তরের সঙ্গে কথা বলার পরামর্শ দেন তিনি।

advertisement

জানতে চাইলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন) মো. জাকির হোসাইন এ বিষয়ে বলেন, ‘পরীক্ষা তো আর অধিদপ্তর নিতে পারে না। সেই জনবলও আমাদের নেই। তবে পরীক্ষার সিদ্ধান্ত নেওয়া হয়েছে কিনা, আমার জানা নেই।’

advertisement 4

সার্বিক বিষয়ে জানতে চাইলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন) মো. নজরুল ইসলাম বলেন, ‘বৃত্তি পরীক্ষা আয়োজন নিয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক হয়েছিল। সেখানে প্রাথমিক বৃত্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত হলেও এবতেদায়ির বৃত্তি পরীক্ষা নিয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। তারা পরীক্ষা নেবে কি না, আমাদের জানা নেই।’

২০০৯ সালে জাতীয়ভাবে প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষা নেওয়া শুরু করে সরকার। প্রথমে শুধু সাধারণ ধারার শিক্ষায় এটি সীমাবদ্ধ ছিল। পরে মাদ্রাসার এবতেদায়ি শিক্ষা সমাপনী (পঞ্চম শ্রেণি সমমান) পরীক্ষায় এটি চালু করা হয়। ২০১০ সালে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা নেওয়া শুরু হয়। এই দুই পাবলিক পরীক্ষা চালুর পরই বন্ধ হয়ে যায় পঞ্চম ও অষ্টম শ্রেণির বৃত্তি পরীক্ষা।

করোনা মহামারীর কারণে ২০২০ ও ২০২১ সালে অনুষ্ঠিত হয়নি জেএসসি ও জেডিসি পরীক্ষা। এবারও এ দুই পাবলিক পরীক্ষা না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ ছাড়া আগামী শিক্ষাবর্ষ থেকে শুরু হওয়া নতুন পাঠ্যক্রম অনুযায়ী পিইসি, জেএসসি ও জেডিসি পরীক্ষা থাকবে না।